নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৩৭

২৫ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে মাছ চাষে এরেটরের ব্যবহার: প্রকল্প পরিদর্শনে উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'যান্ত্রিকীকরণের মাধ্যমে নিবিড় মাছ উৎপাদনের একটি উন্নত মডেল প্রণয়ন' শীর্ষক প্রকল্প পরিদর্শন করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ মঙ্গলবার (২৫ নভেম্বর ২০২৫) ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ-আল মামুনের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিচালিত মাছ চাষের ক্ষেত্রে এরেটরের ব্যবহার নির্ভর এ প্রকল্প পরিদর্শন করেন তিনি।

পরিদর্শনকালে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, তেলাপিয়া চাষে সোলার সিস্টেমের মাধ্যমে এরেটর ব্যবহার করে চাষীরা সাফল্য পাবে। এর ফলে সম্পূর্ণভাবে একটি নবায়নযোগ্য ব্যবস্থা চালু হলো। এই গবেষণার বাস্তব প্রয়োগ সাধারণ মাছ চাষিদের মধ্যে ছড়িয়ে পড়লে দেশের প্রোটিনের চাহিদার অন্যতম উৎস মাছ আরও সহজলভ্য ও সাশ্রয়ী হবে। একই সঙ্গে পরিবেশবান্ধব মাছ চাষ বিদেশি ক্রেতাদের আকৃষ্ট করবে, যা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এ সময় তিনি প্রকল্পের আর্থিক সহযোগী 'বাংলাদেশ একাডেমি অফ সায়েন্স' এবং 'ইউএস ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার'-এর প্রতিনিধিদের ভবিষ্যতেও এমন গবেষণায় সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান।

উপাচার্য আরও বলেন, গত সপ্তাহে মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ে নোবিপ্রবি ও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর মাঝে সভা অনুষ্ঠিত হয়েছে। সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলে উভয় প্রতিষ্ঠান উপকৃত হবে।

পরিদর্শনকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ একাডেমি অব সায়েন্সের প্রতিনিধি ও টেকনিক্যাল কমিটির সদস্য অধ্যাপক ড. আবু তৈয়ব আবু আহমেদ, নোবিপ্রবি ফিমস্ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মেহেদী মাহমুদুল হাসান, অধ্যাপক ড. মোঃ রাকেব উল ইসলাম, অধ্যাপক ড. দেবাশীষ সাহা এবং গবেষণা সহযোগী মিঠুন রায়সহ শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও সাংবাদিকবৃন্দ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪